

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা।
www.lawjusticediv.gov.bd

নং ১০.০০.০০০০.১২৬.২০.০৯০.২৩.১৬৬২

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩০
০১ আগস্ট, ২০২৩

প্রেরক: মোঃ একরামুল হক শামীম
সিনিয়র সহকারী সচিব

প্রাপক: চীফ একাউন্টস ফিন্যান্স অফিসার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

কক্ষ নং-৫০৩, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: চলতি ২০২৩-২৪ অর্থবছরে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালসমূহকে “৩২১১৩১- আউটসোর্সিং” খাতে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে চলতি ২০২৩-২৪ অর্থবছরে “১২১০৫১০০০০০০০- ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালসমূহ” এর “৩২১১৩১-আউটসোর্সিং” খাতে বরাদ্দকৃত অর্থ হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে ছকে উল্লিখিত অর্থ ছাড়করণে সম্মতি জ্ঞাপন করা হলো।

শর্তাবলী:

- ১। (ক) সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করতে হবে;
- (খ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারী সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসেবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
- (গ) জনপ্রতি সেবামূল্য নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের ১০.০৬.২০১৯ তারিখের ২৫৯ নং পরিপত্র অনুসরণ করতে হবে। সেবামূল্যের পরিমাণ বেশি হলে বিল পরিশোধের পূর্বেই আবশ্যিকভাবে এ বিভাগকে অবহিত করতে হবে;
- (ঘ) অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতিপত্র ব্যতিত কোন ধরনের আউটসোর্সিং সেবা গ্রহণ করা যাবে না;
- (ঙ) হালনাগাদ চুক্তিপত্র ব্যতিত কোনো ধরনের সেবা মূল্য পরিশোধ করা যাবে না;
- (চ) আউটসোর্সিং সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর অধীন নির্ধারিত সেবাসমূহ ক্রয়ের ক্ষেত্রে এ বিভাগের সম্মতি থাকতে হবে;
- (ছ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রাপ্য সার্ভিস চার্জ বা কমিশন থেকে আয়কর কর্তন করতে হবে, উক্ত আয়কর সেবা গ্রহণকারী কর্তৃপক্ষ প্রদান করবে না;
- (জ) বর্তমান বরাদ্দ হতে চলতি অর্থবছরের জন্য অর্থ ব্যয় করতে হবে। পূর্বের অর্থবছরের বকেয়া পরিশোধের ক্ষেত্রে এ বিভাগের পূর্বনুমোদন গ্রহণ করতে হবে;
- (ঝ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন/২০২৪ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে।

০২। আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী আউটসোর্সিং সেবাক্রয়ের ক্ষেত্রে ধার্যকৃত সেবামূল্যের আলোকে ন্যূনতম ৫% সার্ভিস চার্জ ধরে আদালত/ ট্রাইব্যুনালসমূহে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। সার্ভিস চার্জ ৫% এর বেশি হলে অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির জন্য হালনাগাদ চুক্তিপত্রসহ নির্ধারিত ছকে চাহিদাপত্র প্রেরণ করতে হবে।

“১২১০৫১০০০০০০০- ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালসমূহ”

ক্রমিক নং	আদালত/ ট্রাইব্যুনালের নাম	সেবার নাম ও সংখ্যা	মাসিক ন্যূনতম সেবামূল্য	সার্ভিস চার্জ (সর্বনিম্ন ৫% হারে)	ড্যাট কর্তন (১৫% হারে সেবাক্রয়কারী কর্তৃক প্রদেয়)	০১ মাসে মোট প্রদেয় অর্থের পরিমাণ	০১ বছরে প্রদেয় অর্থের পরিমাণ	সার্ভিস চার্জ হতে প্রতিমাসে আয়কর কর্তন ১০% হারে সেবা প্রদানকারী কর্তৃক প্রদেয়)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১.	ল্যান্ড সার্ভে	অফিস সহায়ক-	১৬,১৩০	৮০৭	২,৫৪১	১৯,৪৭৮	২,৩৩,৭৩৬	৮১

	ট্রাইব্যুনাল, যশোর	০১জন						
২.	ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, ফরিদপুর	অফিস সহায়ক - ০১জন	১৬,১৩০	৮০৭	২,৫৪১	১৯,৪৭৮	২,৩৩,৭৩৬	৮১
৩.	ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, কুমিল্লা	অফিস সহায়ক - ০১জন	১৬,১৩০	৮০৭	২,৫৪১	১৯,৪৭৮	২,৩৩,৭৩৬	৮১
৪.	ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, নোয়াখালী	অফিস সহায়ক - ০১জন	১৬,১৩০	৮০৭	২,৫৪১	১৯,৪৭৮	২,৩৩,৭৩৬	৮১
৫.	ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, টাঙ্গাইল	অফিস সহায়ক - ০১জন	১৬,১৩০	৮০৭	২,৫৪১	১৯,৪৭৮	২,৩৩,৭৩৬	৮১
৬.	ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, খুলনা	অফিস সহায়ক - ০১জন	১৬,৬২০	৮৩১	২,৬১৮	২০,০৬৯	২,৪০,৮২৮	৮৪
৭.	ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, রংপুর	অফিস সহায়ক - ০১জন	১৬,৬২০	৮৩১	২,৬১৮	২০,০৬৯	২,৪০,৮২৮	৮৪
৮.	ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, বরিশাল	অফিস সহায়ক - ০১জন	১৬,৬২০	৮৩১	২,৬১৮	২০,০৬৯	২,৪০,৮২৮	৮৪
৯.	ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, সিলেট	অফিস সহায়ক - ০১জন	১৬,৬২০	৮৩১	২,৬১৮	২০,০৬৯	২,৪০,৮২৮	৮৪
১০.	ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, বগুড়া	অফিস সহায়ক - ০১জন	১৬,১৩০	৮০৭	২,৫৪১	১৯,৪৭৮	২,৩৩,৭৩৬	৮১
১১.	ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, পাবনা	অফিস সহায়ক - ০১জন	১৬,১৩০	৮০৭	২,৫৪১	১৯,৪৭৮	২,৩৩,৭৩৬	৮১
১২.	ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, ময়মনসিংহ	অফিস সহায়ক - ০১জন	১৬,১৩০	৮০৭	২,৫৪১	১৯,৪৭৮	২,৩৩,৭৩৬	৮১

ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালসমূহের আউটসোর্সিং সেবা পরিশোধের জন্য ছাড়কৃত অর্থের পরিমাণ ২৫,৯২,৩৭২ (পঁচিশ লক্ষ বিরানব্বই হাজার তিনশত বাহাত্তর) টাকা।

SR
(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব
lawjusticediv.budget@gmail.com
ফোনঃ ৯৫৪০০০৯(অ)

নং ১০.০০.০০০০.১২৬.২০.০৯০.২৩.১৬৬২

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩০
০১ আগস্ট, ২০২৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। বিচারক (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালসমূহ, -----। (আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। ডিস্ট্রিক্ট/ ডিভিসনাল একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, -----।
- ৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি/গার্ড ফাইল।

SR
(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব